



সচিবালয় স্টেশনে মেট্রোরেলের ছাদে দুই ব্যক্তি ওঠায় চলাচল বন্ধ



সংগৃহীত ছবি

রোববার (৩০ নভেম্বর) রাতে বাংলাদেশ সচিবালয় স্টেশনের মেট্রোরেলের ছাদের ওপর দুই ব্যক্তি ওঠায় চলাচল সাময়িকভাবে বন্ধ হয়ে গেছে। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) বিষয়টি তাদের অফিসিয়াল ফেসবুক পেজে নিশ্চিত করেছে।

কর্তৃপক্ষ জানিয়েছে, যাত্রীদের নিরাপত্তা ও চলাচলের স্বাভাবিকতার জন্য সাময়িকভাবে রেল সার্ভিস স্থগিত রাখা হয়েছে। এই কারণে কিছু যাত্রী অস্থির হয়েছেন। ডিএমটিসিএল পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করছে এবং এই সময় যাত্রীদের হয়তো কিছু অসুবিধার সম্মুখীন হতে হতে হবে বলে জানানো হয়েছে।

তবে, এই দুই ব্যক্তির নাম-পরিচয় বা তারা কেন ছাদে উঠেছেন, তা এখনও জানা যায়নি। কর্তৃপক্ষ ঘটনার বিস্তারিত তদন্ত করছে এবং দ্রুত পরিস্থিতি স্বাভাবিক করার আশ্বাস দিয়েছে।

LENS ASIA